**প্রসার ভারতী**
**(ব্রডকাস্টিং কর্পোরেশন অফ ইন্ডিয়া)**
**আকাশবাণী আগরতলা**
**সংবাদ বিভাগ**

বার্তা সম্পাদক – কুনাল সিন্ধে

সংবাদ পাঠক পাঠিকা /– কৃষ্ণধন দেবনাথ

তারিখ – ০১–১০–২০২৩

সময় – সন্ধ্যা ৭টা ৫৫ মিঃ।

আকাশবাণী আগরতলা স্থানীয় সংবাদ পড়ছি – কৃষ্ণধন দেবনাথ

**<u>এখনকার বিশেষ বিশেষ খবর হলো</u>**

**১। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশবাসী আজ স্বচ্ছতা হি সেবা কর্মসূচিতে অংশ নিলেন।**

**২। রাজ্যের শহর থেকে গ্রাম সর্বত্র উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে এই অভিযান পালন করা হয়।**

**৩। মুখ্যমন্ত্রী বলেছেন, রাজ্যের রক্তদান কর্মসূচি সারা দেশে সমাদৃত হচ্ছে।**

**৪। রাজ্যেও আজ নানা কর্মসূচির মধ্য দিয়ে বিশ্ব প্রবীণ দিবস উদযাপিত হয়।**

\##########################

**Swachhta-PM**

গান্ধী জয়ন্তীর প্রাক্কালে আজ দেশজুড়ে মেগা স্বচ্ছতা অভিযানে জাতিকে নেতৃত্ব দিলো প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এই উপলক্ষে সমগ্র দেশে আজ স্বচ্ছতা হি সেবা অভিযান-এর অধীনে প্রায় সাত লক্ষ স্বচ্ছত কর্মসূচি পালিত হয়। স্বচ্ছতার জন্য প্রধানমন্ত্রীর উদাত্ত আহ্বানে সাড়া দিয়ে দেশ জুড়ে জনগণ আজ এই মেগা স্বচ্ছতা অভিযানে অংশ নেন। প্রধানমন্ত্রী তার সর্বশেষ মন কি বাত অনুষ্ঠানে মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা জানাতে আজ সকাল দশটা থেকে এক ঘণ্টার জন্য শ্রমদান করতে দেশবাসীকে আহ্বান জানিয়েছিলেন।

####

**Sachwata Hi Seva**

স্বচ্ছতা হি সেবা কর্মসূচীতে আজ রাজ্যেও ব্যাপক সাড়া পাওয়া গেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এক তারিখ - এক ঘন্টা -এক সাথে  আহ্বানে সাড়া দিয়ে রাজ্যের বিভিন্ন সরকারী বেসরকারী সংস্থার কর্মীরা এক ঘন্টার জন্য  সেচ্ছা শ্রম দানে সাফাই অভিযানে অংশ নেন। আজ সকালে আগরতলা পুর নিগমের উদ্যোগে কামান চৌমুহনী  এলাকায় সেচ্ছা শ্রম কর্মসূচীতে অংশ নেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা মানিক সাহা।  এখানে এই কর্মসূচীতে ছিলেন, পুর নিগমের মেয়র দীপক মজুমদার,  ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, কাউন্সিলর রত্না দত্ত,  মুখ্যসচিব জে, কে সিনহা,  রাজ্য পুলিশ মহানির্দেশক অমিতাভ রঞ্জন,  সংশ্লিষ্ট দপ্তরের সচিব অধিকর্তাগন।  মুখ্যমন্ত্রী এখানে রাস্তায় নেমে সাফাইয়ে অংশ নেন। মুখ্যমন্ত্রী বলেন.........

( BYTE )

আগরতলা পুর নিগম ছাড়াও অন্যান্ন পুর পরিষদ, নগর পঞ্চায়েত, বিভিন্ন স্কুল, কলেজ, অফিস, Bank প্রভৃতি সংস্থায় ও কার্যালয়ে স্বচ্ছতা কর্মসূচী পালন করা হয়। আকাশবাণী আগরতলা কেন্দ্রে, আকাশবানীর সকল অংশের কর্মী ও আধিকারীকগন এই কর্মসূচীতে অংশ নেন।

আগরতলা ICP-তে স্থলবন্দর কর্তৃপক্ষের আধিকারীক ও কর্মীরা আজ সকালে স্বচ্ছতা অভিযানে অংশ নেন।

####

**Shramdaan for Swachhta**

গোটা দেশের সংগে ঊনকোটি জেলাতেও স্বচ্ছতার জন্য শ্রমদান কর্মসূচি অনুষ্ঠিত হয়।জেলার চারটি ব্লক ও দু'টি পুর পরিষদ এলাকায় আজ সকালে একযোগে স্বচ্ছতা তথা পরিষ্কার -পরিচ্ছন্ন করা হয়।

রাজ্যের মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ ঊনকোটি জেলার কাঞ্চনবাড়িতে এবং বিধায়ক ভগবান চন্দ্র দাস আজ কুমারঘাটে গণ স্বচ্ছতা অভিযানে অংশ নেন।

####

**Swacchata abhiyan Sukla charan Noatia**

ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেডের উদ্যোগে আগরতলার ৭৯ টিলা এলাকায় আজ স্বচ্ছতা অভিযানে অংশ নেন সংখ্যালঘু কল্যাণ দপ্তরের মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। এই অভিযানে বিদ্যুৎ দপ্তরের সচিব অভিষেক সিং ও অন্যান্যরাও উপস্থিত ছিলেন।

কলকাতার প্রিটোরিয়া স্ট্রিটে অবস্থিত ত্রিপুরা ভবনে আজ স্বচ্ছতা হি সেবা কর্মসূচির আয়োজন করা হয়। এই কর্মসূচিতে অংশ নেন রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ এবং ভবনের অন্যান্য কর্মীরা।

####

**Swachhta South**

স্বচ্ছতা হি সেবা কর্মসূচিতে আজ দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে পিলাক প্রত্ন পর্যটন কেন্দ্র, চোত্তাখলার ভারত-বাংলাদেশ মৈত্রী উদ্যান ও সাব্রুমের দৈত্যশ্বরী কালীবাড়িতে স্বচ্ছতা অভিযান করা হয়। সাব্রুম নগর পঞ্চায়েতের উদ্যোগে সাব্রুমের মৈত্রী সেতু সহ ৯ টি ওয়ার্ডেও এই কর্মসূচি পালন করা হয়।

শান্তিরবাজারে মূল অনুষ্ঠানটি হয় শান্তিরবাজার পুরাতন মটর স্ট্যান্ডে। শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না মজুমদার ও মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ উপস্থিত ছিলেন এই কর্মসূচিতে।

####

**Swachhta -Dhalai**

ধলাই জেলাতেও আজ স্বচ্ছতা হি সেবা অভিযান উৎসাহ উদ্দীপনার সঙ্গে পালিত হয়। ধলাই জেলা সদর প্রাঙ্গণে শ্রমদান কর্মসূচিতে অংশ নেন জেলা শাসক ডঃ সিদ্ধার্থ শিব জসওয়াল সহ অন্যান্যরা।

####

**Swachhta BSF**

সীমান্ত রক্ষী বাহিনী বা বি এস এফ"র উদ্যোগেও আজ স্বচ্ছতা হি সেবা কর্মসূচি পালন করা হয়।

ধর্মনগরের চুরাইবাড়ি চেকপোস্টে ১৩৯ নাম্বার ব্যাটেলিয়ানের কর্মীরা স্থানীয় থানা ও বন কর্মীরা আজ এই কর্মসূচিতে অংশ নিয়ে শ্রমদান করেন।

বিএসএফ'র ৯৬ ব্যাটেলিয়ানের উদ্যাগেও আজ শান্তিরবাজারের দক্ষিন জেলা হাসপাতালে সাফাই অভিযান করা হয়।

####

**BJP- Swachhta**

ভারতীয় জনতা পার্টির উদ্যোগেও আজ রাজ্যের বিভিন্ন স্থানে স্বচ্ছতা অভিযান করা হয়। টাউন বড়দোয়ালি বিধানসভা কেন্দ্রে এই কর্মসূচিতে অংশ নেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার। এদিকে, বনমালীপুর বিধানসভা কেন্দ্রে সাফাই অভিযানে অংশ নেন দলের রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য। খয়েরপুরের পুরনো আগরতলা ব্লকে ও কাশীপুর বাজারে দলের এই কর্মসূচিতে অংশ নেন বিধায়ক রতন চক্রবর্তী।

খোয়াই বিধানসভার ১৫টি গ্রামে এবং পুরসভার প্রতিটি ওয়ার্ডে বিজেপির উদ্যোগে আজ সাফাই অভিযান কর্মসূচি পালিত হয়। এতে খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিষ নাথ শর্মা, দলের জেলা কমিটির সাধারণ সম্পাদক সমীর কুমার দাস প্রমুখ অংশ নেন।

####

**Prime Minister**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিকেলে তেলেঙ্গানার মাহাবুব নগরে ১৩,৫০০ কোটিরও বেশি টাকার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এই প্রকল্পগুলো হচ্ছে সড়ক, রেল, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস এবং উচ্চশিক্ষা সংক্রান্ত। প্রধানমন্ত্রী আজ কৃষ্ণা স্টেশন থেকে হায়দ্রাবাদ – রায়পুড় – হায়দ্রাবাদ ট্রেন পরিষেবারও আনুষ্ঠানিক সূচনা করেছেন।

####

**RBI**

রিজার্ভ ব্যাঙ্ক পুরনো ২০০০ টাকার নোট ব্যাঙ্কে জমা দেওয়ার সময়সীমা আগামী ৭ই অক্টোবর পর্যন্ত বাড়িয়ে দিয়েছে। পূর্ব ঘোষণা অনুসারে ২০০০ টাকার নোট জমা দেওয়ার শেষ দিন ছিল গতকাল।

####

**Blood Donation-CM**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা বলেছেন, বর্তমানে রাজ্যব্যাপী রক্তদান কর্মসূচির চিত্র সারা দেশে সমাদৃত হচ্ছে। রাজ্যের মানুষের মধ্যে এখন রক্তদানে এগিয়ে আসার ইতিবাচক মানসিকতা লক্ষ্ করা যাচ্ছে। আজ মহারানি তুলসীবতী উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ত্রিপুরা স্টেট ব্লাড ট্রান্সফিউশান কাউন্সিল আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন আমাদের রাজ্যে রক্ত মজুতের সংখ্যা অনেকটা স্বাভাবিক রয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন স্বাস্থ্য অধিকর্তা ডাঃ সুপ্রিয় মল্লিক ও ডাঃ রঞ্জন বিশ্বাস। উপস্থিত ছিলেন পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক

দপ্তরের অধিকর্তা ডাঃ অঞ্জন দাস প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী রক্তদান শিবির পরিদর্শন করেন ও রক্তদাতাদের উৎসাহিত করেন।

####

**Blood Donation Day KLS**

"জাতীয় স্বেচ্ছায় রক্তদান দিবস" পালন উপলক্ষে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে কৈলাশহর ব্লাড ডোনার্স এসোসিয়েশনের উদ্যোগে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে পঁচিশজন রক্তদান করেন বলে জানিয়েছেন, এসোসিয়েশনের সহ-সভাপতি টিংকু সাহা।

আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়,S D.M প্রদীপ সরকার প্রমুখ।

####

**Older Persons Day-KAILASHAHAR**

আজ বিশ্ব প্রবীণ দিবস। এই উপলক্ষে রাজ্যেও নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্দোগে উদযাপিত হ'লো দিবসটি। এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ বলেন, সমাজে প্রবীন-প্রবীনারা যাতে মর্যাদা নিয়ে থাকতে পারেন এজন্য সবাইকেই যত্নশীল হতে হবে।

বক্তব্য রাখেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, অতিরিক্ত জেলা শাসক সজল বিশ্বাস, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা প্রমুখ।

এখানে বিশিষ্ট প্রবীন-প্রবীনাদের সংবর্ধনা জানানো হয়। এরমধ্যে ছিলেন, "পদ্মশ্রী" সম্মানে ভূষিত 103 বছর বয়সী গুণী শিল্পী থাঙ্গা দারলং।

####

**International day of older persons**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ বিলোনিয়ার অগ্নিবীণা হলে দক্ষিন জেলাভিত্তিক বিশ্ব প্রবীণ দিবস উদযাপন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়৷ অনুষ্ঠানে জেলার শ্রেষ্ঠ প্রবীণ সৃজনকলা পুরস্কার প্রদান করা হয় সাহিত্যিক বিভূলাল চক্রবর্তীকে এবং জেলার শ্রেষ্ঠ সাহসী প্রবীন পুরস্কার প্রদান করা হয় প্রাক্তন শিক্ষক লক্ষণ মালাকারকে। অনুষ্ঠানে কেন্দ্রীয় সামাজিক ন্যায় বিচার মন্ত্রণালয়ের বয়োশ্রী যোজনায় ১৫ জন প্রবীণ প্রবীনাকে চলন সামগ্রী প্রদান করা হয়। দক্ষিণ জেলার জেলা শাসক সাজু ওয়াহিদ আহমেদ, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ ও বিলোনিয়ার মহকুমা শাসক রতন ভৌমিক উপস্থিত ছিলেন অনুষ্ঠানে।

####

**Older persons day**

বিশ্ব প্রবীণ দিবসে আজ শান্তিরবাজার মহকুমা নির্বাচন নিবন্ধন আধিকারিকের উদ্যোগে মহকুমার ৮০ উর্ধ ভোটারদের ছাতা ও রিসা পড়িয়ে সংবর্ধনা জানানো হয়। মহকুমার প্রতিটি বুথের

বিএলওরা বাড়ি বাড়ি গিয়ে ৮০ উর্ধ ভোটারদের সংবর্ধনা প্রদান করা হয়।

####

**Speech Contest**

এবছর নেহেরু যুব কেন্দ্র আয়োজিত "বর্তমান সময়ে গান্ধীজীর আদর্শের প্রাসঙ্গিকতা" শীর্ষক বক্তৃতা প্রতিযোগিতায় রাজ্যস্তরে প্রথম স্থান অর্জন করেছেন প্রজ্ঞা মজুমদার। আগামীকাল, ২ রা অক্টোবর দিল্লির সংসদ ভবনে আয়োজিত কেন্দ্রীয় অনুষ্ঠানে রাজ্যের হয়ে প্রতিনিধিত্ব করবে প্রজ্ঞা।

ভারত সরকারের যুব কল্যাণ ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনে নেহেরু যুব কেন্দ্রের রাজ্য অধিকর্তা শ্রীমতি জবা চক্রবর্তী এসংবাদ জানিয়েছেন।

####

**SD Barman**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সুর সম্রাট কুমার শচীন দেববর্মন ত্রিপুরার মুখ উজ্জ্বল করেছেন। তিনি ছিলেন কালজয়ী শিল্পী, পরিচালক ও সুরকার। তার সংগীত আজও আমাদের মনে এক অদ্ভুত অনুভূতির সৃষ্টি করে। আজ মুখ্যমন্ত্রী রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে সুর সম্রাট কুমার শচীন দেববর্মনের ১১৭ তম জন্ম জয়ন্তী উপলক্ষে শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যের সংস্কৃতি ও সংগীত জগতে জনজাতি সম্প্রদায়ের কৃষ্টি, সংস্কৃতি ও পরম্পরার এক বহমান ধারা রয়েছে। জনজাতিদের কৃষ্টি ও সংস্কৃতির বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে। অনুষ্ঠানে

সম্মানিত অতিথি ছিলেন প্রাক্তন উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা। এছাড়া অনুষ্ঠানে ছিলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ডঃ প্রদীপ কুমার চক্রবর্তী, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, তথ্য সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য প্রমুখ। শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

####

**Dr. Manik Saha at IMA house**

মুখ্যমন্ত্রী প্রফেসর ডাক্তার মানিক সাহা আজ আগরতলায় আইএমএ হাউসে Society of Pathologists, Microbiologists & Biochemists এর রাজ্য সম্মেলনের উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বেশিরভাগ চিকিৎসা এখন রাজ্যের সরকারি হাসপাতালেই সম্ভব। এরপরও কিছু কিছু ক্ষেত্রে একটা অংশের মানুষ চিকিৎসা করাতে বাইরের রাজ্যের হাসপাতালগুলিতে যাচ্ছেন। এরফলে চিকিৎসার জন্য প্রচুর টাকা খরচ হচ্ছে। অথচ বেশিরভাগ চিকিৎসা এখন রাজ্যের সরকারি হাসপাতালেই সম্ভব বলে জানান শ্রী সাহা। সম্মেলনে অন্যদের মধ্যে আলোচনা করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার ও অন্যান্যরা।

####

**CONGRESS PRESS MEET**

প্রদেশ কংগ্রেস বিদ্যুতের মাশুল ও সম্পত্তি কর বৃদ্ধির প্রতিবাদ জানিয়েছে। আজ কংগ্রেস ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে প্রদেশ সভাপতি আশিস কুমার সাহা অভিযোগ করেন

কর বৃদ্ধির এই সিদ্ধান্ত একতরফাভাবে নেওয়া হয়েছে। পুজোর আগে লাইসেন্স প্রাপ্ত স্ট্রিট ভেন্ডারদের উচ্ছেদ করায় তিনি পুরনিগমের সমালোচনা করেন।

####

**Sarad Sanman**

শারদীয় দুর্গোৎসবকে সামনে রেখে আজ রাজধানীর মুক্তধারা অডিটরিয়ামে অনুষ্ঠিত হল মায়ের গমন তথা কার্নিভাল এবং শারদ সন্মান নিয়ে প্রস্তুতি সভা। তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই সভার উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। আসন্ন দুর্গাপূজা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে রাজ্য প্রশাসন ও পুর নিগমের তরফে যে সমস্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে তা শহর ও শহরতলী থেকে আগত ক্লাব ও সামাজিক সংস্থার প্রতিনিধিদের অবগত করা হয়। সভায় উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার ও অন্যান্যরা উপস্থিত ছিলেন।

####

**Peace poster**

লায়ন্স ক্লাব অব আগরতলার উদ্যোগে আজ Peace poster contest অনুষ্ঠিত হয়। বিশ্ব শান্তির উদ্দেশ্যে শিশুদের সচেতন করে তুলতে প্রতি বছরই এই প্রতিযোগিতার আয়োজন করা হয়। এবারে ৫৭ জন প্রতিযোগী এই কর্মসূচিতে অংশ নিয়েছে।

######################